যুগান্তর

তারিখ ... 03 APR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# ছাত্রসমাজকে প্রতিরোধ গড়ার আহ্বান

## তনু হত্যার বিচার দাবিতে আন্দোলন অব্যাহত

**যুগান্তর ডেস্ক**

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যার বিচার দাবিতে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে শুক্রবার রাত এবং শনিবারও আন্দোলন চলে। টানা কয়েকদিন থেকে তনু হত্যায় জড়িতদের ফাঁসির দাবিতে বিভিন্ন কর্মসূচি পালন করছেন শিক্ষার্থী, সংস্কৃতিকর্মী, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ। সর্বোচ্চ শাস্তি না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাওয়ারও হুশিয়ারি দিয়েছেন। আহ্বান জানানো হয়েছে তনু হত্যাসহ সারা দেশে নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে ছাত্রসমাজকে প্রতিরোধ গড়ে তোলার।

**ঢাকায় 'প্রীতিলতা ব্রিগেডের আন্দোলন** : বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, ছাত্র ইউনিয়নের প্রতিবাদী নারীদের নিয়ে গঠিত প্রীতিলতা ব্রিগেড সেলটি আগামী শুক্রবার থেকে নারীদের আত্মরক্ষামূলক প্রশিক্ষণ শুরু করবে বলে লাঠি মিছিলপূর্ব সমাবেশ থেকে ঘোষণা দেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের পাদদেশে শনিবার বিকালে এ সমাবেশ করে তারা। ছাত্র ইউনিয়নের সভাপতি লাকী আক্তারের সভাপতিত্বে এতে সংগঠনটির কেন্দ্রীয় ও বিভিন্ন শাখার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

**আজকের ছাত্র ধর্মঘটের সমর্থনে ছাত্র ফেডারেশনের মশাল মিছিল** : তনুর হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবিতে আজকের ছাত্র ধর্মঘট সফল করার আহ্বান জানিয়ে শনিবার মশাল মিছিল করে ছাত্র ফেডারেশন। ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি সৈকত মল্লিকের সভাপতিত্বে মিছিল-পরবর্তী সমাবেশে নেতারা বক্তব্য দেন। সৈকত মল্লিক বলেন, 'সারা দেশে ধর্ষণ, হত্যা, সন্ত্রাস, লুটপাটের ঘটনা বেড়েই চলছে। সরকার দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় সম্পূর্ণ ব্যর্থ হচ্ছে।' তিনি তনু হত্যার ঘটনায় সরকারের দায়িত্বহীনতাকে দায়ী করে এর বিরুদ্ধে ছাত্রসমাজকে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।

একই দাবিতে জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ-সমাবেশ করে জাতীয়

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪